গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান উপদেষ্টার কার্যালয়
জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ
বিনিয়োগ ভবন, ই-৬/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.nsda.gov.bd

স্মারক নম্বর: ০৩.১৪.২৬৯২.৮৭৬.০৫.০০২.২৪.৮৬

তারিখ: ২ মাঘ ১৪৩১ / ১৬ জানুয়ারি ২০২৫

**বিষয়: 'তারুণ্যের উৎসব ২০২৫'-এর আওতায় অনুষ্ঠেয় 'জাতীয় দক্ষতা প্রতিযোগিতা ২০২৫' আয়োজন।**

'তারুণ্যের উৎসব ২০২৫' আয়োজনের সাথে সম্পৃক্ত হয়ে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) তরুণদের অংশগ্রহণে 'জাতীয় দক্ষতা প্রতিযোগিতা ২০২৫' আয়োজন করতে যাচ্ছে। এ প্রতিযোগিতার মাধ্যমে তরুণ সমাজ বিভিন্ন প্রযুক্তিগত, কারিগরি এবং সৃজনশীল ক্ষেত্রে দক্ষতা প্রদর্শনের সুযোগ পাবে।

০২। উল্লেখ্য, বাংলাদেশ ২০১৭ সালে WorldSkills International এর সদস্যপদ লাভ করে। WorldSkills International হলো একটি আন্তর্জাতিক সংস্থা, যা বিভিন্ন দেশের তরুণদের কারিগরি ও পেশাগত দক্ষতা বিকাশ এবং প্রতিযোগিতার মাধ্যমে স্বীকৃতি প্রদানের কাজ করে। সংস্থাটি প্রতি ০২ (দুই) বছর অন্তর বিশ্ব দক্ষতা প্রতিযোগিতা আয়োজন করছে এবং বাংলাদেশ ২০১৯ সাল থেকে উক্ত প্রতিযোগিতায় প্রতিযোগী প্রেরণ করে আসছে। ৪৮তম বিশ্ব দক্ষতা প্রতিযোগিতা WorldSkills Shanghai 2026 চীনে অনুষ্ঠিত হবে। 'জাতীয় দক্ষতা প্রতিযোগিতা ২০২৫' আয়োজনের মাধ্যমে আন্তর্জাতিক পর্যায়ের এ প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য যোগ্য প্রতিযোগী বাছাই করা হবে।

০৩। এ প্রতিযোগিতায় নির্দিষ্ট বয়সসীমার তরুণ-তরুণী https://nsda.portal.gov.bd/site/page/0110b637-be99-4d7c-b968-6999d8255c64 (www.nsda.gov.bd)-এর মাধ্যমে আগামী ১৯ ফেব্রুয়ারি ২০২৫ তারিখের মধ্যে নিবন্ধন করতে পারবে। 'তারুণ্যের উৎসব ২০২৫'-এর আওতায় অনুষ্ঠেয় 'জাতীয় দক্ষতা প্রতিযোগিতা ২০২৫' আয়োজন সফল করতে জেলা প্রশাসনের সহযোগিতা প্রয়োজন।

০৪। এমতাবস্থায়, 'তারুণ্যের উৎসব ২০২৫'-এর আওতায় অনুষ্ঠেয় 'জাতীয় দক্ষতা প্রতিযোগিতা ২০২৫' আয়োজন সফল করতে জেলা প্রশাসনকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৬/০১/২০২৫
মোহাম্মদ মাহফুজুর রহমান
পরিচালক (অর্থ)
ইমেইল: dir.admin@nsda.gov.bd

জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট (সকল)

**সদয় জ্ঞাতার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. বিভাগীয় কমিশনার, (সকল)।
২. মন্ত্রিপরিষদ সচিব-এর একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
৩. প্রধান উপদেষ্টার মুখ্য সচিব-এর একান্ত সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা (প্রধান উপদেষ্টার মুখ্য সচিব মহোদয়ের সদয় সদয় জ্ঞাতার্থে)।
৪. সিনিয়র সচিব-এর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)
৫. সচিব-এর একান্ত সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা (সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)
৬. সচিব-এর একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)
৭. সচিব-এর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)
৮. চেয়ারম্যান, ইউজিসি-এর একান্ত সচিব (ইউজিসি-এর চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতি এবং বিশ্ববিদ্যালয়সমূহকে অবহিত করার অনুরোধসহ)
৯. মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর/কারিগরি শিক্ষা অধিদপ্তর (স্কুল, কলেজ, মাদ্রাসা, পলিটেকনিক ও টিএসসিসমূহে প্রতিযোগিতার বিষয়টি ব্যাপক প্রচারের অনুরোধসহ)
১০. নির্বাহী চেয়ারম্যান (সচিব)-এর একান্ত সচিব, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ, আগারগাঁও, ঢাকা (নির্বাহী চেয়ারম্যান মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।